গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

নং- ২১.০০.০০০০.০০৮.৯৯.০০৪.১৮- ১৪৫

তারিখ: ১২ আশ্বিন, ১৪২৫ / ২৭ সেপ্টেম্বর, ২০১৮

পরিপত্র

বিষয় : রাজস্ব/ উন্নয়ন বাজেটের আওতায় পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ/ নিজস্ব জনবলের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ভুক্ত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation) কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সরকারি খাতে রাজস্ব/ উন্নয়ন বাজেটের আওতায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত পদ্ধতি ও নির্দেশনা অনুসৃত হবে:

১. প্রকল্পের প্রভাব মূল্যায়নের জন্য প্রকল্প নির্বাচন, সমন্বয় ও বাজেট বিভাজন পদ্ধতি:

১.১ সংশ্লিষ্ট অর্থ বছরে বাজেট বরাদ্দ প্রাপ্তির প্রেক্ষিতে প্রতি বছর রাজস্ব/ উন্নয়ন খাতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-এর সেক্টরসমূহের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন কাজ পরিচালনা করা হবে। এ উদ্দেশ্যে প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে সাধারণভাবে নিম্নরূপ বিষয়াদি বিবেচনায় নিতে হবে:

(ক) প্রকল্পটি কারিগরি/ আর্থ-সামাজিক বিবেচনায় গুরুত্বপূর্ণ প্রকল্প হতে হবে এবং

(খ) প্রকল্পটি ন্যূনতম ০২(দুই) বছর পূর্বে সমাপ্ত হতে হবে।

১.২ (ক) প্রভাব মূল্যায়ন কাজ পরিচালনার নিমিত্ত আইএমইডির সেক্টরসমূহ হতে অনুচ্ছেদ ১.১-এ বর্ণিত শর্তানুযায়ী উপযোগী প্রকল্পসমূহ প্রধান/ মহাপরিচালকের নেতৃত্বে একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করতে হবে। প্রাথমিক তালিকা প্রস্তুতের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ হতে প্রয়োজনে প্রভাব মূল্যায়নের লক্ষ্যে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করতে হবে। প্রাথমিকভাবে বাছাইকৃত উপযোগী প্রকল্পের সংখ্যা আইএমইডি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত প্রভাব মূল্যায়ন কার্যক্রম লক্ষ্যমাত্রার সর্বোচ্চ তিন গুণিতক হবে। উপযোগী প্রকল্পের প্রাথমিক তালিকা সংশ্লিষ্ট পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর হতে "সংযোজনী-১" অনুযায়ী বাৎসরিক কর্মপরিকল্পনা অনুসরণপূর্বক প্রশাসন অনুবিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(খ) সংশ্লিষ্ট অর্থবছরের বাজেট ও Annual Performance Agreement (APA) এর আলোকে পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান ও নিজস্ব জনবল দ্বারা পরিচালিত প্রভাব মূল্যায়ন সমীক্ষার সংখ্যা চূড়ান্ত করতে হবে;

(গ) প্রশাসন অনুবিভাগ সংশ্লিষ্ট সেক্টর হতে প্রাপ্ত প্রাথমিক প্রকল্প তালিকা চূড়ান্তভাবে বাছাইয়ের জন্য কর্মপরিকল্পনা অনুযায়ী সচিব, আইএমইডি'র নেতৃত্বে গঠিত প্রকল্প নির্বাচন ও বাজেট বিভাজন কমিটির (সংযোজনী-২) নিকট উপস্থাপনের মাধ্যমে প্রকল্প বাছাই সংক্রান্ত নির্ধারিত ছক (সংযোজনী-৩) অনুযায়ী প্রকল্প নির্বাচন চূড়ান্ত করবে। প্রশাসন অনুবিভাগ বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী পত্রিকায় বিজ্ঞপ্তি প্রস্তুত, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং আইএমইডি ও সিপিটিইউ-এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১.৩ (ক) অর্থ বছরে প্রাপ্ত বাজেটের ভিত্তিতে "সংযোজনী-২" এ বর্ণিত কমিটি সমীক্ষা ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় বিভাজন করে সচিবের অনুমোদনক্রমে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করবে;

(খ) নিজস্ব জনবল দ্বারা পরিচালিত সমীক্ষা ব্যয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা অনুসরণ করতে হবে এবং

(গ) প্রতিটি সমীক্ষার জন্য নির্ধারিত বাজেটের আলোকে প্রকল্প মূল্যায়ন কাজ সম্পন্ন করতে হবে।

২. **কার্যপরিধি (Terms of Reference -TOR) প্রস্তুত :**

২.১ পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান/ নিজস্ব জনবল দ্বারা প্রভাব মূল্যায়ন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিটি সমীক্ষার জন্য কার্য পরিধি (Terms of Reference -TOR) প্রণয়ন কমিটি (সংযোজনী-৪) কর্তৃক "সংযোজনী-৫"-অনুযায়ী প্রস্তুত করে এ বিভাগের সচিবের অনুমোদন নিতে হবে।

৩. **প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (পিওসি) ও প্রস্তাব মূল্যায়ন কমিটি (পিইসি) গঠন:**

৩.১ সংশ্লিষ্ট সেক্টর কর্তৃক পরিচালিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন কার্যক্রমের পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্তকরণের লক্ষ্যে "সংযোজনী ৬" অনুযায়ী প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (পিওসি) ও "সংযোজনী ৭" অনুযায়ী প্রস্তাব মূল্যায়ন কমিটি (পিইসি) গঠন করতে হবে।

৪। **প্রভাব মূল্যায়ন পদ্ধতি:**

প্রভাব মূল্যায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ নিম্নবর্ণিত যে কোন এক বা একাধিক পদ্ধতিতে করা যেতে পারে:
(ক) আউটসোর্সিং: পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে প্রভাব মূল্যায়ন;
(খ) ইন-হাউজ: নিজস্ব জনবল দ্বারা প্রভাব মূল্যায়ন ।

৪.১ **পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে প্রভাব মূল্যায়ন:**

৪.১.১ প্রভাব মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি ক্রয় আইন ও বিধিমালা [পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ)-২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ ও সময় সময় সংশোধিত সংশ্লিষ্ট বিধি বিধান] অনুসরণ করতে হবে;

৪.১.২ Public Procurement Act, 2006 এর ১১ ধারা এবং Public Procurement Rules-2008 এর বিধি-১৫ অনুযায়ী ক্রয় পরিকল্পনা চূড়ান্ত করে সচিবের অনুমোদন গ্রহণ করতে হবে;

৪.১.৩ পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে সমীক্ষায় নিয়োজিতব্য পরামর্শক/পরামর্শক দলের সদস্যদের শারীরিক ও মানসিকভাবে এ কাজ সম্পাদনের উপযুক্ত হতে হবে।

৪.১.৪ প্রভাব মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে বিদ্যমান সরকারি ক্রয় আইনের আওতায় বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের বিভিন্ন পদ্ধতি অনুসরণের পাশাপাশি ক্ষেত্র বিশেষে প্রয়োজনীয় যৌক্তিক কারণে সরকারি ও স্বায়ত্বশাসিত, আধা-স্বায়ত্বশাসিত বা বিধিবদ্ধ প্রতিষ্ঠানকে একক উৎসভিত্তিক নির্বাচন পদ্ধতির মাধ্যমে পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা যাবে;

৪.১.৫ প্রভাব মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য নিয়োজিত পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের কার্যকাল প্রকল্পের প্রকৃতি বিবেচনায় নির্ধারণ করতে হবে। তবে পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের পর বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে বিধি মোতাবেক পরামর্শকের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। সেক্ষেত্রে নির্ধারিত চুক্তি মূল্য অপরিবর্তিত থাকবে;

৪.১.৬ প্রভাব মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য নিয়োগকৃত পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠান তাদের কার্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক সহযোগী জনবল/ তথ্য সংগ্রহকারী নিয়োগ করবে এবং তাদের পারিশ্রমিক/ ভাতাদি চুক্তিমূল্যের মধ্যেই অন্তর্ভুক্ত থাকবে;

৪.১.৭ নির্বাচিত পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের পর কোন পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান কাজ না করলে অথবা চুক্তি বাতিল হলে সচিব-এর অনুমোদনক্রমে পিপিআর-২০০৮ অনুসরণে নতুন পরামর্শক নিয়োগ করা যাবে;

৪.১.৮ প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত ও সচিব কর্তৃক অনুমোদিত পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠানের সাথে পিপিআর ২০০৮ এর তফসিলে বর্ণিত নমুনা মোতাবেক চুক্তিবদ্ধ হতে হবে। প্রধান/ মহাপরিচালক (সংশ্লিষ্ট সেক্টর) ক্রয়কারী হিসেবে আইএমইডি এর পক্ষে এবং অপরপক্ষে পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান চুক্তিতে স্বাক্ষর করবেন;

৪.১.৯ পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত করার পর পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট প্রধান/ মহাপরিচালক সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন;